

🗏 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬: ৮২

💵 আরবি মূল আয়াত:

وَ تَجِعَلُونَ رِزِقَكُم اَنَّكُم تُكَذِّبُونَ ﴿٨٢﴾

আর তোমরা তোমাদের রিম্ক বানিয়ে নিয়েছ যে, তোমরা মিথ্যা আরোপ করবে। — আল-বায়ান আর তাকে মিথ্যে বলাকেই তোমরা তোমাদের জীবিকা বানিয়ে নিয়েছ। — তাইসিরুল এবং তোমরা মিথ্যারোপকেই তোমাদের উপজীব্য করে নিয়েছ! — মুজিবুর রহমান

And make [the thanks for] your provision that you deny [the Provider]? — Sahih International

৮২. আর তোমরা মিথ্যারোপকেই তোমাদের রিযিক করে নিয়োছ!(১)

(১) অর্থাৎ আল্লাহর নেয়ামতকে দেখেও তোমরা সেগুলোকে অস্বীকার করে যাচছ। তোমরা কৃতজ্ঞ হওয়ার পরিবর্তে কৃতদ্ম হচছ। তোমরা আল্লাহর নেয়ামতকে অন্যের দিকে সম্বন্ধযুক্ত করছ। তোমরা শুকরিয়া আদায়ের জায়গায় কুফরী করছ। [ফাতহুল কাদীর]। হাদীসে এসেছে, যায়েদ ইবন খালেদ আল-জুহানী রাদিয়াল্লাহু 'আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে নিয়ে হুদাইবিয়াতে ফজরের সালাত আদায় করেন। তার আগের রাত্রিতে বৃষ্টি হয়েছিল। সালাত শেষ করে রাসূল মানুষের দিকে ফিরে বললেন, তোমরা কি জান তোমাদের রব কি বলেছেন? সাহাবাগণ বললেন, আল্লাহ ও তাঁর রাসূল ভাল জানেন। তিনি বললেন, আল্লাহ বলেছেন, আমার বান্দাদের মধ্যে কেউ ঈমানদার আর কেউ কাফের এ দু'ভাগ হয়ে গেছে। যারা বলেছে আমরা আল্লাহর রহমতে বৃষ্টি লাভ করেছি তারা আমার উপর ঈমান এনেছে নক্ষত্রপুঞ্জের প্রভাব অস্বীকার করেছে। আর যারা বলেছে আমরা ওমুক ওমুক নক্ষত্রের নিকটবর্তী হওয়ার কারণে বৃষ্টি লাভ করেছি তারা আমার সাথে কুফরী করেছে এবং নক্ষত্রপুঞ্জের উপর ঈমান এনেছে। [বুখারী: ১০৩৮, মুসলিম: ৭১]

তাফসীরে জাকারিয়া

(৮২) এবং তোমরা মিথ্যাজ্ঞানকেই তোমাদের উপজীব্য করে নেবে?

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5061

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন